

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১১/২০১৯

তারিখঃ ২০/০২/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

বাংলাদেশ স্ট্যাভার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অফিস স্মারক নং- ৩৬.০৫.০০০০.০০৮.৮৫.৩১৩.১৭/৭২৯৬(২), তারিখঃ ১৭/০২/১৯খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ মিজানুর রহমান
সচিব

বাংলাদেশ স্ট্যাভার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূত্র নং-৩৬.০৫.০০০০.০০৮.৮৫.৩১৩.১৭/৭২৯৬(২)

তারিখঃ ১৭-০২-২০১৯খ্রিঃ

বরাবর

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউজ, বন্দর

চট্টগ্রাম।

বিষয়ঃ গুঁড়াদুধ (স্কিমড মিল্ক পাউডার ও হোল মিল্ক পাউডার) পণ্যের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানিকৃত গুঁড়াদুধ (স্কিমড মিল্ক পাউডার ও হোল মিল্ক পাউডার) পণ্যের সংশ্লিষ্ট বাংলাদেশ মান সিএসি-২০৭:২০০৯ অনুযায়ী মেলামিন ব্যতীত সকল প্যারামিটারের পরীক্ষা করার সুবিধা অত্রাফিসে বিদ্যমান থাকায় এবং মেলামিন প্যারামিটার বিসিএসআইআর ল্যাবরেটরীজ, বালুচড়া, চট্টগ্রামে পরীক্ষার সুবিধা আছে বিধায় পণ্যটির গুণগতমান পরীক্ষা-নিরীক্ষা করে অত্রাফিস হতে লাইসেন্স ও ছাড়পত্র প্রদানের জন্য বিএসটিআই প্রধান কার্যালয় থেকে প্রশাসনিক নির্দেশনা পাওয়া গেছে। অত্র এলাকার ব্যবসায়ী/আমদানিকারকদের চাহিদার বিষয়টি গুরুত্বের সাথে নিয়ে অত্রাফিস হতে বর্তমানে গুঁড়াদুধ (স্কিমড মিল্ক পাউডার ও হোল মিল্ক পাউডার) পণ্যের রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনসহ গুণগতমানের বিষয়ে প্রত্যয়নপত্র/ছাড়পত্র ইস্যু করা হচ্ছে।

অতএব, গুঁড়াদুধ (স্কিমড মিল্ক পাউডার ও হোল মিল্ক পাউডার) পণ্যের ছাড়পত্র সংক্রান্ত বিভ্রান্তি এড়াতে বিষয়টি আপনাকে জানানো হলো।

আপনার বিশ্বস্ত,
স্বাঃ/-
(ইঞ্জিঃ মোঃ সেলিম রেজা)
পরিচালক